

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ভূতান্ত্রিক জরিপ অধিদপ্তর
অপারেশন ও সমন্বয়শাখা
www.gsb.gov.bd

বাংলাদেশ ভূতান্ত্রিক জরিপ অধিদপ্তরের সেপ্টেম্বর/২০২০ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি

: ড. মহং শের আলী
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

তারিখ

: ২৩ সেপ্টেম্বর, ২০২০

সময়

: বিকাল ০৩:০০ টা

স্থান

: সভাকক্ষ

উপস্থিতসদস্য

: পরিষিষ্ঠ-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। অতঃপর সভাপতি উপপরিচালক (অপারেশন ও সমন্বয়) কে কার্যসূচি অনুযায়ী আলোচনা শুরুর অনুরোধ করেন।

সভার আলোচ্য সূচিসমূহ:

- (১) বিগত ২৪-০৮-২০২০ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ।
- (২) বিগত ২৪-০৮-২০২০ তারিখের সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ও নতুন বিষয়াদির পর্যালোচনা।

পূর্ববর্তী সভার কার্যবিবরণী নিয়ে কোন সদস্যের দ্বিতীয় নির্ণয় নেওয়া হল না থাকায় কার্যবিবরণী নিশ্চিত করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপ-পরিচালক (অপারেশন ও সমন্বয়) বিগত মাসের সমন্বয় সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন এবং উপস্থিত কর্মকর্তাগণ আলোচনায় অংশগ্রহণ করেন। আলোচ্যসূচি অনুযায়ী নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা |
|-----------------------------|--|---|--|
| ভূবিজ্ঞান সংক্রান্ত: | | | |
| ১। | অধিদপ্তরের কাজে গতিশীলতা আনয়নের লক্ষ্যে সকল শাখা হতে ডিপিপি প্রণয়ন করে জমা দেবার বিষয়ে সভায় আলোচনা হয়। উপ-পরিচালক (অপারেশন ও সমন্বয়), জনাব মো: কামরুল আহসান জানান, প্রকল্প প্রণয়ন কমিটির সভাপতির PRL শুরু হওয়ায় কমিটি পুনর্গঠনের প্রয়োজনীয়তা দেখা দিয়েছে। পরবর্তীতে মহাপরিচালকের প্রশ্নের জবাবে পরিচালক (পরিকল্পনা ও বাস্তবায়ন), জনাব মোহাম্মদ আব্দুল আজিজ পাটওয়ারী জানান, বর্তমানে জিএসবি'র জন্য একটি প্রকল্প প্রণয়ন কমিটি এবং একটি প্রকল্প যাচাই বাছাই কমিটি রয়েছে। জ্যেষ্ঠ পরিচালক (ভূতত্ত্ব) কে সভাপতি করে কমিটি পুনর্গঠনের বিষয়ে মহাপরিচালক অভিমত ব্যক্ত করেন। | ক) মহাপরিচালক আলোচনার মাধ্যমে প্রকল্প প্রণয়ন ও প্রকল্প যাচাই বাছাই কমিটি পুনর্গঠন করবেন। খ) সমর্থিত ডিপিপি তৈরীর লক্ষ্যে গঠিত কমিটি কাজ অব্যাহত রাখবে এবং কাজের উপর ভিত্তি করে পরবর্তী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে। | পরিকল্পনা ও বাস্তবায়ন শাখাসহ প্রকল্প ও সংশ্লিষ্ট কমিটি এবং ভবিষ্যত পরিকল্পনা প্রণয়ন কমিটিসহ ডিপিপি তৈরীর লক্ষ্যে গঠিত অন্যান্য কমিটি |
| ২। | বহিরঙ্গন কর্মসূচির কার্যক্রমের উপর একটি নীতিমালা তৈরীর লক্ষ্যে জনাব নুরুল্লিদিন সরকার, আহ্মায়ক, জনাব আব্দুল বাকী খান মজলিশ, সদস্য ও ড. মো: বজলার রশীদ, সদস্য সচিব করে বহিরঙ্গন নীতিমালা কমিটি গঠিত হয়। উক্ত কমিটি নীতিমালার একটি খসড়া তৈরী করে মহাপরিচালক বরাবর পেশ করেছেন। সংশ্লিষ্ট কমিটি খসড়া নীতিমালার উপর মতামত প্রদানের জন্য সকল শাখা প্রধান বরাবর প্রেরণ করবেন। শাখা প্রধানগণ শাখার সকল কর্মকর্তার সাথে আলোচনাপূর্বক তাদের মতামত প্রদান করবেন। পরবর্তীতে সকল শাখা প্রধানগণের মতামত সম্মিলনে খসড়া নীতিমালা মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে মর্মে মহাপরিচালক সভাকে অবহিত করেন। | ক) বহিরঙ্গন নীতিমালা কমিটি খসড়া নীতিমালা সকল শাখা প্রধান বরাবর প্রেরণ করবেন এবং শাখা প্রধানগণ শাখার সকল কর্মকর্তার সাথে আলোচনাপূর্বক মতামত প্রদান করবেন। | বহিরঙ্গন নীতিমালা কমিটি |

[Signature]

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা |
|------|---|--|--|
| ৩। | ২০১৮-১৯ এবং ২০১৯-২০ অর্থবছরের সমাপ্ত বহিরঙ্গন কর্মসূচি হতে প্রাপ্ত ফলাফলের উপর দলপ্রধানগণের presentation প্রদানের বিষয়ে প্রকাশনা ও প্রশিক্ষণ শাখার শাখা প্রধান জনাব আরিফ মাহমুদ, পরিচালক (ভূতত্ত্ব) জানান, কোন কোন শাখা হতে অদ্যাবধি presentation এর প্রস্তাব পাওয়া যায় নাই। যে কোন বহিরঙ্গন টিম বহিরঙ্গনে যাবার পূর্বে এবং বহিরঙ্গন কার্যক্রম শেষে তাদের চাহিদা প্রদানের ভিত্তিতে প্রকাশনা ও প্রশিক্ষণ শাখা হতে presentation এর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। অতঃপর মহাপরিচালক পরিচালক (পরিকল্পনা ও বাস্তবায়ন) এর কাছে বিগত ৫ বছরের প্রতিবেদন জমা দেয়ার বিষয়ে জানতে চান। এ প্রেক্ষিতে পরিচালক (পরিকল্পনা ও বাস্তবায়ন), জনাব মোহাম্মদ আব্দুল আজিজ পাটওয়ারী, মহাপরিচালক বরাবর বিগত ৫ বছরের প্রতিবেদন জমার তালিকা মহাপরিচালক বরাবর পেশ করেন। | ক) আগামী ৭ কর্মদিবসের মধ্যে পূর্ণাঙ্গ প্রতিবেদন জমা দিতে হবে। খ) পূর্ণাঙ্গ প্রতিবেদন জমাদানে অপারগ দলপ্রধানগণকে কারণ দর্শনের নোটিশ প্রদান ও পরবর্তীতে বিভাগীয় মামলা করা হবে। গ) সংশ্লিষ্ট শাখা হতে প্রস্তাব প্রাপ্তি সাপেক্ষে প্রকাশনা ও প্রশিক্ষণ শাখা হতে presentation এর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | প্রকাশনা ও প্রশিক্ষণ শাখা এবং সংশ্লিষ্ট শাখাপ্রধানগণ/ দলপ্রধানগণ |
| ৪। | বৈশ্বেষিক রসায়ন শাখার ল্যাবের জন্য জায়গা বরাদ্দ সংক্রান্ত বিষয়ে এবং ল্যাবের নিরাপত্তা বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। জিএসবি'র নিরাপত্তা কমিটির সভায় বিষয়টি আলোচনা করা হয়েছে বলে কমিটির সদস্য জনাব সৈয়দ নজরুল ইসলাম, পরিচালক (ভূতত্ত্ব) সভাকে অবহিত করেন। তারা ল্যাবে রাস্কিত রাসায়নিক ও সিলিন্ডারসমূহ বিস্ফোরক পরিদপ্তর কর্তৃক পরিদর্শনের বিষয়ে মতামত প্রদান করেন। সংশ্লিষ্ট শাখা প্রধান জনাব আহমেদ আতাউল মুনীম, পরিচালক (রসায়ন) জানান, সিলিন্ডারগুলোকে ল্যাবের বাহিরে রেখে যত্রের সাথে সংযোগের ব্যবস্থা করার বিষয়ে মতামত প্রদান করেন। | ক) বিস্ফোরক পরিদপ্তর কর্তৃক পরিদর্শনের ব্যবস্থা করতে হবে। তাদের মতামতের উপর ভিত্তি করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গৃহীত হবে। | অপারেশন ও সমষ্টি শাখা |
| ৫। | প্রশাসনিক আলোচনা: | | |
| ১। | চট্টগ্রাম, খুলনা ও মিরপুরে অবস্থিত জিএসবি'র জমির মাল্টি পারপাস প্ল্যানসহ ডিপিপি প্রণয়ন ও নকশা সংক্রান্ত আলোচনায় সভাপতিকে উপ-পরিচালক (অপারেশন ও সমষ্টি) জনাব মোঃ কামরুল আহসান জানান, মহাপরিচালকের নির্দেশনা মোতাবেক মিরপুরের জমির কাগজ নিয়ে গৃহায়ণ কর্তৃপক্ষে যোগাযোগ করা হয়েছে। এছাড়াও খুলনার জমির রেজিস্ট্রেশন সম্পর্ক হয়েছে এবং চট্টগ্রামের জমির রেজিস্ট্রেশন করার জন্য পুনরায় চেষ্টা করা যেতে পারে। চট্টগ্রাম, খুলনা ও মিরপুরে অবস্থিত জিএসবি'র জমির মাল্টি পারপাস প্ল্যানসহ ডিপিপি প্রণয়ন কমিটির সভাপতি জনাব আব্দুল বাকী খান মজলিশ, পরিচালক (ভূতত্ত্ব) জানান, যেহেতু জমির রেজিস্ট্রেশনের কাজ প্রক্রিয়াধীন সেহেতু ডিপিপি প্রণয়নের পাশাপাশি রাজস্ব বাজেট থেকে কিছু স্থাপনা তৈরি করে স্থাপনাগুলো বহিরঙ্গন কাজ পরিচালনার জন্য ব্যবহার করার পরিকল্পনা করা হয়। চট্টগ্রাম ও খুলনার জায়গায় স্থাপনা তৈরির জন্য গণপূর্ত থেকে প্রাক্কলন নেয়া হয়েছিল। পরবর্তীতে গণপূর্ত বিভাগ হতে ২০১৯-২০ অর্থবছরে কাজ করা সম্ভব নয় বলে জানায়। চট্টগ্রামের জমির ব্যবহার নিশ্চিত করার জন্য জনাব মোঃ আলী আকবর, পরিচালক (ভূতত্ত্ব) স্যান্ড সেপারেটর স্ট্রাটিকে চট্টগ্রামে স্থাপনের বিষয়ে মতামত প্রদান করেন। | ক) চট্টগ্রামের জমির রেজিস্ট্রেশনের জন্য গৃহায়ন কর্তৃপক্ষ বরাবর তাগিদ পত্র প্রেরণ করতে হবে। খ) রাজস্ব বাজেট থেকে স্থাপনা তৈরির জন্য গণপূর্ত থেকে নেয়া প্রাক্কলন অনুযায়ী স্থাপনার কাজ শুরু করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অপারেশন ও সমষ্টি শাখা |
| ২। | প্রয়োজনীয় ভূ-বৈজ্ঞানিক যন্ত্রাংশ ক্রয় ও মেরামত সংক্রান্ত আলোচনায় উপ-পরিচালক (অপারেশন ও সমষ্টি) সভাকে জানান যে, ইতোপূর্বে গাড়ির জন্য আংশিক TO&E তৈরি করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। আংশিক TO&E প্রেরণের প্রেক্ষিতে জনপ্রসাশন মন্ত্রণালয়ের চাহিদার ভিত্তিতে এ সংক্রান্ত বিভিন্ন কাগজপত্র প্রেরণের প্রক্রিয়া চলছে। এছাড়াও, যন্ত্রপাতি TO&E ভুক্ত করার কাজ চলমান রয়েছে। অতঃপর মহাপরিচালক জানতে চান, চলমান অর্থবছরের জন্য গাড়ি ক্রয় বিশেষতঃ কর্মচারিদের জন্য বাস ক্রয়ের প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ এবং জিএসবি'র ক্যান্টিন বরাদ্দের বিষয়ে জানতে চান। জনাব মোঃ কামরুল আহসান, উপ-পরিচালক (অপারেশন ও সমষ্টি) জানান, অর্থ মন্ত্রণালয়ের আদেশ অনুযায়ী ডিসেম্বর ২০২০ পর্যন্ত সকল প্রকার সরকারী যানবাহন ক্রয় স্থগিত করা হয়েছে। পরবর্তীতে এ বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা হবে। জিএসবি'র ক্যান্টিন বরাদ্দের বিষয়ে জনাব নিজাম উদ্দিন আহমেদ, | ক) ভূ-বৈজ্ঞানিক যন্ত্রপাতি এবং গাড়ি TO&E ভুক্ত করার কাজটি সময় সাপেক্ষে এবং এটি যথাযথ প্রক্রিয়ায় সম্পাদন করতে হবে। খ) কর্মচারিদের জন্য বাস ক্রয়ের পূর্ব পর্যন্ত তাদেরকে কর্মচারি কল্যাণ বোর্ডের গাড়ি ব্যবহারে উৎসাহিত করতে হবে। গ) নতুন টেক্সের প্রক্রিয়ার মাধ্যমে ক্যান্টিন বরাদ্দের কাজ শুরু করতে হবে। | ক) অপারেশন ও সমষ্টি শাখা এবং ক্যান্টিন বরাদ্দের লক্ষ্যে গঠিত কমিটি |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা |
|------|--|--|---|
| | পরিচালক (ভূপদার্থ) জানান, নতুন টেক্নোর প্রক্রিয়ার মাধ্যমে ক্যান্টিন বরাদের কাজ করা হবে। | | |
| ৩। | প্রতিটি দপ্তর/ অধিদপ্তর/ স্বায়ত্তশাসিত সংস্থা তাদের নিজ নিজ আইন ও বিধি দ্বারা পরিচালিত হয়ে থাকে। কিন্তু জিএসবির ক্ষেত্রে অদ্যাবধি কোন আইন ও বিধি প্রণীত হয় নাই। নিজস্ব আইনের প্রয়োজনীয়তা ও গুরুত বিবেচনা করে পরবর্তীতে এই সংক্রান্ত একটি কমিটি গঠিত হয়েছে। | ক) মহাপরিচালক কমিটির সাথে আলোচনা করবেন। | জিএসবির নিজস্ব আইন ও বিধি প্রণয়ন সংক্রান্ত কমিটি |
| ৪। | জিএসবি'র জন্য প্রয়োজনীয় বিষয়ভিত্তিক বই, অনলাইন জার্নাল সাবস্ক্রিপশনের ব্যবস্থা বিষয়ক আলোচনায় প্রকাশনা ও প্রশিক্ষণ শাখার শাখা প্রধান জনাব আরিফ মাহমুদ, পরিচালক (ভূতত্ত্ব) উল্লেখ করেন, ইতোমধ্যেই শাখাপ্রধান বরাবর বিজ্ঞপ্তি দেয়া হয়েছে। তাদের চাহিদার প্রেক্ষিতে দরপত্র আঙ্গানের মাধ্যমে বই ক্রয় করা হবে। | ক) চাহিদার প্রেক্ষিতে বই বা অনলাইন জার্নাল ক্রয়ের বিষয়ে পরবর্তীতে সিদ্ধান্ত গ্রহণ করা হবে। | প্রকাশনা ও প্রশিক্ষণ শাখা এবং অন্যান্য শাখাপ্রধান |
| ৫। | জিএসবি'র ১ম, ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণির বিভিন্ন পদে জনবল নিয়োগ সংক্রান্ত আলোচনায় উপ-পরিচালক (অপারেশন ও সমন্বয়) জনাব মো: কামরুল আহসান জানান, ১ম ও ২য় শ্রেণির বিভিন্ন পদের জন্য পিএসসি থেকে নিয়োগ বিজ্ঞপ্তি ইতোমধ্যেই প্রকাশিত হয়েছে। এছাড়াও, ৩৮-তম বিসিএস হতে নন ক্যাডার ছক পূরণ করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। ৩য় ও ৪র্থ শ্রেণির জন্য নিয়োগ বিজ্ঞপ্তির কাজ চলমান রয়েছে। | ক) যত দুট সম্ভব জনবল নিয়োগের ব্যবস্থা করতে হবে। | অপারেশন ও সমন্বয় শাখা এবং নিয়োগ কমিটি |
| ৬। | ১৭ মার্চ ২০২০ হতে ১৭ মার্চ ২০২১ সময়কাল মুজিব বর্ষ হিসাবে উদযাপন করা হবে। মুজিব বর্ষ উপলক্ষ্যে জিএসবি কর্তৃক গৃহীত বছরব্যাপী কর্মপরিকল্পনাসমূহ কোভিড-১৯ এর কারণে স্থগিত করা হয়েছে। তবে জিএসবির লাইভেরিতে মুজিব কর্নার স্থাপনের বিষয়টি এখনও পরিকল্পনাধীন আছে। এই সংক্রান্ত কমিটির সভাপতি মহাপরিচালককে অবহিত করেন, পূর্বে মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক কমিটি কাজ করেছে। কোভিড-১৯ এর কারণে কিছু কর্মপরিকল্পনা স্থগিত করা হয়েছে। মহাপরিচালক নির্দেশনা দিলে কমিটি পুনরায় তাদের পরিকল্পনাসমূহ নিয়ে পুনরায় আলোচনা করতে পারে। | ক) কমিটি সরকারি নির্দেশনা মোতাবেক পুনরায় তাদের পরিকল্পনাসমূহ নিয়ে মহাপরিচালকের সাথে আলোচনা করবে। | সংশ্লিষ্ট কমিটি |
| ৭। | নতুন ঘোগদানকৃত কর্মকর্তাদের বুনিয়াদি প্রশিক্ষণ/ওরিয়েটে এর সফল সমষ্টির পর মহাপরিচালক এই ধরণের প্রশিক্ষণ অব্যাহত রাখার নির্দেশনা প্রদান করেন। আভ্যন্তরীণ প্রশিক্ষণ বিষয়ে প্রকাশনা ও প্রশিক্ষণ শাখার শাখাপ্রধান জনাব আরিফ মাহমুদ, পরিচালক (ভূতত্ত্ব) জানান, অফিস সহকারি ও অফিস প্রধানদের প্রশিক্ষণের বিষয়টি নিয়ে কাজ চলছে। মহাপরিচালক এ প্রেক্ষিতে জানান আভ্যন্তরীণ প্রশিক্ষণের পাশাপাশি অন্যান্য সরকারি প্রশিক্ষণ কেন্দ্র যেমন: এনএপিডি, আরপিএটিসি, বিয়াম ও বার্ড এই সকল প্রতিষ্ঠানে প্রশিক্ষণের সুযোগ থাকলে সংশ্লিষ্ট শাখা ঐ সকল প্রতিষ্ঠানে কর্মকর্তাদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করবেন। জনাব সালমা আক্তার, পরিচালক (ভূতত্ত্ব) জানান, প্রকল্পের আওতায় ক্রয়কৃত বিভিন্ন যন্ত্রসমূহের অপারেশনাল প্রশিক্ষণের পাশাপাশি টেকনিক্যাল প্রশিক্ষণ অত্যন্ত জরুরি। এক্ষেত্রে অপারেশনাল প্রশিক্ষণ সম্পর্ক হলে টেকনিক্যাল প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। | ক) অফিস সহকারি, উচ্চমান সহকারী, সহকারী ও অধীক্ষকগণের ৫ দিন ব্যাপি প্রশিক্ষণের আয়োজন করতে হবে। খ) নিয়মিত আভ্যন্তরীণ প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। জ্যোঠি কর্মকর্তাদের দ্বারা বিষয় ভিত্তিক স্পেশাল প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। | প্রকাশনা ও প্রশিক্ষণ শাখা |
| ৮। | জনাব আব্দুল বাকী খান মজলিশ, পরিচালক (ভূতত্ত্ব) জানান, Geological Heritage হিসাবে ঘোষিত সিলেট জেলার গোয়াইনঘাটের জমির অধিগ্রহণ সংক্রান্ত কার্যবলী অদ্যাবধি সম্পূর্ণ হয় নাই। বর্তমানে সিলেট জেলার ডিসি অফিস কর্তৃক সাত ধারা নোটিশ জারি হয়েছে। জমির অধিগ্রহণ সম্পূর্ণ হলে জমি বুরো নেবার পরে ঐ এলাকা নিয়ে পরিকল্পনা মাফিক কাজ সম্পন্ন করা সম্ভব হবে। | ক) Heritage ঘোষিত অংশ বিশেষ করে দৃশ্যমান লাইম স্টোনের স্তরসমূহ যথাযথ সংরক্ষণের ব্যবস্থা করতে হবে। | সংশ্লিষ্ট কমিটি |
| ৯। | বর্তমান কোভিড-১৯ পরিস্থিতি নিয়ে উদ্বেগ প্রকাশ করে জনাব নিজামউদ্দিন আহমেদ, পরিচালক (ভূপদার্থ) জানান জিএসবির স্বাস্থ্যবিধি সংক্রান্ত নির্দেশনাবলী পালনে অধিকতর কঠোরতা অবলম্বন জরুরি। এই বিষয়ে মহাপরিচালকের দৃষ্টি আর্কিব করলে মহাপরিচালক জানান, মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক সবাইকে সেকেন্ড ওয়েভের বিষয়ে সচেতন হতে হবে এবং যথাযথ স্বাস্থ্যবিধি মানার মাধ্যমে সেকেন্ড ওয়েভের (যদি | ক) অফিসে প্রবেশের সময় থার্মলগান ব্যবহার করে সবার তাপমাত্রা পরীক্ষা করতে হবে। তাপমাত্রা ১০০ ডিগ্রির বেশি হলে অবিলম্বে কোভিড টেস্ট করাতে হবে। খ) স্বাস্থ্যবিধি সংক্রান্ত নির্দেশনা | অপারেশন ও সমন্বয় শাখা |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা |
|------|--|---|------------------------|
| | আসে) মোকাবেলা করতে হবে। তিনি সকল কর্মকর্তা/কর্মচারিকে সচেতন হওয়ার ও স্বাস্থ্যবিধি মানার পরামর্শ দেন। | সার্কুলারের ব্যবস্থা করতে হবে। গ) লিফট বক্ষ করার সময় এবং পরবর্তী দিন সকালে পুনরায় জীবানুনাশক স্প্রে করার ব্যবস্থা নিতে হবে। | |
| ১০। | জনাব সৈয়দ নজরুল ইসলাম, পরিচালক (ভূতত্ত্ব) জিএসবির দ্রুয় পরিকল্পনা নিয়ে জানতে চান। তিনি বলেন, বিভিন্ন সময়ে পরিচালকগণ বার্ষিক ক্রয়ের চাহিদা প্রদান করেন এবং জিএসবির বাজেট সংক্রান্ত মতামত প্রদান করেন। এই সকল মতামত বাস্তবায়িত হচ্ছে কিনা সে বিষয়ে তারা অবগত নন। সম্ভব হলে সকল পরিচালককে অন্তর্ভুক্ত করে জিএসবির বাজেট ও দ্রুয় পরিকল্পনা করা হলে ভাল হবে মর্মে তিনি অভিমত ব্যাক্ত করেন। এ পর্যায়ে জনাব মো: আলী আকবর, পরিচালক (ভূতত্ত্ব) জানান, পূর্ত কাজের বিষয়টিও সবার সাথে আলোচনা পূর্বক করা হলে অধিকতর ফলপ্রস্তু হবে। | ক) জিএসবির খসড়া দ্রুয় পরিকল্পনা সকল পরিচালকের মতামত নিয়ে চুড়ান্ত করা হবে। খ) জিএসবির বাজেট ও পূর্ত কাজের বিষয়টি নিয়ে পৃথক সভার আয়োজন করা যেতে পারে। | অপারেশন ও সমন্বয় শাখা |

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করা হয়।

৩৩/১০/২০২০

(ড. মহাবুব শের আহসান)

মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

নং-২৮.০৫.০০০০.০০৮.০১.০৮৮.১৮/ ১৯৪৯

তারিখ: ১১.১০.২০২০ খ্রি।

সদয় অবগতি ও প্রযোজনীয় ব্যবস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) প্রাহ্লের জন্য প্রেরণ করা হল:-

- ১। সিনিয়র সচিব, জালানি ও খনিজ সম্পদ বিভাগ, বিদ্যুৎ, জালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ✓ সভাপতি, আইসিটি ও ওয়েব টিম (জিএসবি'র ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ), জিএসবি, ঢাকা।
- ৩। শাখা প্রধান/প্রকল্প পরিচালক/সেল প্রধান -----জিএসবি, ঢাকা।
- ৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জিএসবি, ঢাকা।

(মদ্দনউদ্দিন আহমেদ)

পরিচালক (অপারেশন ও সমন্বয়)